



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নলকা, সিরাজগঞ্জ।

সূত্র নং-পিজিসিএলস-২৮.১৮.০০০০.০৪৯.৩৮/২০১৯-২০ ও ২০২০-২১/

তারিখঃ ২৬.০৫.২০১৯

বিষয়ঃ ১.১ এবং ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন প্রসঙ্গে।

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর তালিকাভুক্ত ১.১ এবং ১.২ শ্রেণির গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০১৯-২০ ও ২০২০-২১ দুই (০২) অর্থ বৎসরের জন্য নবায়নের নিম্নলিখিত নিয়মাবলী ও শর্তপূরণক্রমে আবেদন আহ্বান করা যাচ্ছে :

- (১) **আবেদনকারী প্রতিষ্ঠানের যোগ্যতা :**
পশ্চিমাঞ্চল গ্যাসের সাথে ২০১৭-১৮ বা ২০১৮-১৯ অর্থ বছরের জন্য ১.১ ও ১.২ শ্রেণির তালিকাভুক্ত নবায়নকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ।
- (২) **আবেদনের সময়সীমা :**
০১/০৭/১৯ হতে ২১/০৭/১৯ পর্যন্ত মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) বরাবরে নির্ধারিত ছকে (সংযুক্ত ছক-১) উল্লেখিত তথ্যসম্মত (ই-মেইলসহ আবশ্যিক) প্রতিষ্ঠানের নিজস্ব চতুরঙ্গ লেটার হেড প্যাডে ফরওয়ার্ডিং পত্রসহ যথানিয়মে আবেদন পত্র দাখিল করতে হবে।
- (৩) **নবায়ন ফি'র পরিমান, পরিশোধের স্থান, সময়সীমা ভ্যাট :**
প্রতি বৎসরের বিপরীতে ১.১ শ্রেণির জন্য ২০০০/- (দুই হাজার) টাকা হারে এবং ১.২ শ্রেণির জন্য ৪০০০/- (চার হাজার) টাকা হারে এবং জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) বাবদ টাকা সহ মোট .. (কথায় ..) টাকা এবং প্রযোজ্য ক্ষেত্রে ডমেস্টিক সুপারভাইজার/প্রতিনিধি প্রতি জন নিয়োগের জন্য ৩০০.০০ (তিন শত) টাকা নগদে নির্ধারিত ২১/০৭/১৯ তারিখের মধ্যে "পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড"-এর অনুকূলে বেসিক ব্যাংক লিমিটেড, হিসাব নম্বর : SND ২৯১৬-০১-০০০০০৫৩-এ বেসিক ব্যাংক-এর যে কোন শাখায় জমা প্রদান করতে হবে। টাকা জমা প্রদান রসিদে ঠিকাদারী প্রতিষ্ঠান ও স্বত্বাধিকারীর নাম ও প্রযোজ্য ক্ষেত্রে ডমেস্টিক সুপারভাইজারের নামসহ ও প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে।
- (৪) **ভ্যাট জমাকরন :**
নবায়নের লক্ষ্য প্রযোজ্য নবায়ন ফি-এর উপর সরকারি বিধি মোতাবেক ১৫% ভ্যাট নির্দিষ্ট কোড নম্বরে চালান আকারে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদান করতে হবে। ভ্যাটের চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- (৫) **আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য কাগজাদি/তথ্যাদির বিবরণ :**
 - (ক) প্রতিষ্ঠানের নিজস্ব চতুরঙ্গ লেটার হেড প্যাডে নবায়ন বিজ্ঞপ্তির তারিখসহ সূত্রসহ পত্র, ক্যাটাগরী, অর্থ বছর ইত্যাদি উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/বেধ প্রতিনিধির (প্রতিনিধি বলতে স্বত্বাধিকারীর পক্ষে কার্যক্রম পরিচালনার জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির) নাম স্বাক্ষর ও সীলমোহর সম্বলিত আবেদনপত্র। নবায়নকালীন আবেদনের সময় যে চতুরঙ্গ লেটার হেড প্যাডে আবেদন করবেন উক্ত প্যাড রেজিস্টার্ড প্যাড হিসেবে বিবেচিত হবে।
 - (খ) প্রতিষ্ঠানের ২০১৮-১৯ অর্থ বৎসরের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজি: সনদ, ২০১৮-১৯ অর্থ বছরের আয়কর পরিশোধের সনদ, টাকা জমা রসিদের ০২(দুই) কপি (মূল কপিসহ), সর্বশেষ তালিকাভুক্তি নবায়ন সনদপত্র ইত্যাদির সত্যায়িত ফটোকপি। ২০২১-২২ অর্থ বৎসরের নবায়নের সময় ২০২০-২১ অর্থ বৎসরের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজি:সনদ, আয়কর পরিশোধের সনদপত্র ইত্যাদির সত্যায়িত ফটোকপি ও তৃতীয় পক্ষীয় দায় বীমা পলিসির মূলকপি জমা প্রদান করতে হবে।
 - (গ) প্রতি প্রতিষ্ঠানকে বর্তমান প্রচলিত নিয়ম মোতাবেক এলাকা/খণ্ড ভিত্তিক নির্ধারিত যোগ্যতার জনবল নিযুক্তির ক্ষেত্রে সংযুক্ত ছক-১ অনুযায়ী প্রতি জনবলকে কাজে নিয়োজিত হওয়ার ঘোষণা প্রদান করতে হবে। ডমেস্টিক সুপারভাইজার নিয়োজিত না করলে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী যে এলাকায় কাজে নিয়োজিত হতে অগ্রহী সে ভিত্তিতে পিজিসিএল এর আওতাভুক্ত সিরাজগঞ্জ/বাঘাবাড়ী (শাহজাদপুর ও উল্লাপাড়াসহ)/পাবনা /বেড়া ও সাঁথিয়া/সিখরদী /বগুড়া/রাজশাহী ইত্যাদি সকল বা এক/একাধিক বিক্রয় শাখার নাম উল্লেখ করতে পারবে। ডমেস্টিক সুপারভাইজার (সর্বোচ্চ ০২ জন; ভিন্ন ভিন্ন বিক্রয় শাখায়) থাকলে স্বত্বাধিকারীকে ডমেস্টিক সুপারভাইজারের জন্য নির্ধারিত বিক্রয় শাখা/খণ্ড ব্যতীত অন্য এক বা একাধিক বিক্রয় শাখা উল্লেখ করতে হবে। কোন প্রতিষ্ঠানের ডমেস্টিক সুপারভাইজার পরিবর্তিত/বাতিল হলে সেক্ষেত্রে পরবর্তী অনুমোদিত নিযুক্তিকৃত ডমেস্টিক সুপারভাইজার/স্বত্বাধিকারী পূর্ববর্তী সুপারভাইজারের কার্যক্রমের দায়িত্ব গ্রহণ করে নিয়মানুযায়ী কাজের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।
 - (ঘ) ২০১৮-১৯ সালে তালিকাভুক্তি নবায়নকালে প্রদত্ত জনবল ও যন্ত্রপাতি পরিবর্তিত হলে স্বত্বাধিকারী কর্তৃক সত্যায়িত নতুন জনবলের জীবনবৃত্তান্ত, নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্ব সনদ, ০২ কপি স্ট্যাম্প সাইজের রংগিন ছবি এবং প্রত্যেক জনবলের নমুনা স্বাক্ষর জমা দিতে হবে। পূর্বকার জনবল বহাল থাকলে সেক্ষেত্রে প্রতি জনবলের শুধুমাত্র জীবনবৃত্তান্ত ও ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রংগিন ছবি এবং নমুনা স্বাক্ষর জমা প্রদান করতে হবে। যন্ত্রপাতি পরিবর্তন হয়ে থাকলে উহার কাগজপত্রাদি বিপণন ডিভিশনের আবিষ্কার প্রদানের মাধ্যমে যন্ত্রপাতির নাম উল্লেখসহ প্রত্যায়িত করে জমা দিতে হবে।
 - (ঙ) শ্রেণি ভিত্তিক উপযুক্ত জনবলের তালিকা যেমন স্বত্বাধিকারী/ডমেস্টিক সুপারভাইজার/ডমেস্টিক ফিটার (১.১ শ্রেণির) এবং সাইট প্রকৌশলী ও ওয়েল্ডার (১.২ শ্রেণির জন্য) ইত্যাদি প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কর্তৃক প্রতিস্বাক্ষরিত করে জমা দিতে হবে।
 - (চ) জনবল নিযুক্তির ক্ষেত্রে পাওয়ার অব এটর্নি বলে ক্ষমতাপ্রাপ্ত ডমেস্টিক সুপারভাইজারগণ সরাসরি স্বাক্ষর করতে পারবেন এবং সেক্ষেত্রে স্বত্বাধিকারীর সরাসরি স্বাক্ষরের বাধ্যবাধকতা থাকবে না। প্রতিটি পাওয়ার অব এটর্নি/হলফনামা শুধুমাত্র নবায়ন মেয়াদ কাল বিবেচিত হবে।
 - (ছ) কোন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিযুক্তিকৃত ডমেস্টিক সুপারভাইজার বা অন্যান্য জনবল কর্তৃক ১.১ ও ১.২ শ্রেণির তালিকাভুক্তি তফসিলের নিয়মবহির্ভূত কোন কাজের সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া গেলে তার দায়িত্ব সম্পূর্ণভাবে ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীকে বহন করতে হবে মর্মে ৩০০ (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকার নামা প্রদান করতে হবে।
 - (জ) প্রতিটি দৃষ্টিনার জন্য ন্যূনতম ৫০ (পঞ্চাশ) হাজার টাকার তৃতীয় পক্ষীয় দায় বীমা পলিসির মূলকপি জমা দিতে হবে যার ন্যূনতম মেয়াদকাল ৩০-০৬-২০ এর পরবর্তী ০৩ (তিন) মাস পর্যন্ত বহাল থাকে।
 - (ঝ) তালিকাভুক্তি নবায়ন ২০১৯-২০ ও ২০২০-২১ দুই অর্থ বছরের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের সর্বোচ্চ ০২ (দুই) মাস পূর্বে ইস্যুকৃত ০২ (দুই) লক্ষ্য বা তদুর্ধ্ব টাকার ব্যাংক সচ্ছলতার সনদপত্রের মূলকপি।
- (৬) **তালিকাভুক্তি নবায়নের বিশেষ শর্তাদি :**
 - (ক) আবেদনপত্র প্রয়োজনীয় ডকুমেন্টসসহ সুবিন্যস্তভাবে (১.১ ও ১.২ শ্রেণির যাদের আছে) একটা ফাইলে জমা দিতে হবে। সকল লেখা কিংবা যোগাযোগ কম্পোজ আকারে হতে হবে।
 - (খ) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা যথাসময়ে আবেদনপত্র জমা না দিলে উহা বাতিল বলে গণ্য হবে এবং প্রক্রিয়াকরণ করা হবে না।
 - (গ) প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনপত্র পরবর্তীতে কমিটির মাধ্যমে চূড়ান্ত করা হবে এবং সে অনুযায়ী তালিকাভুক্তির তালিকা প্রকাশ করা হবে।
 - (ঘ) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে পিজিসিএল এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। প্রয়োজনে বিস্তারিত তথ্যের জন্য ম্যাটেরিয়াল প্ল্যানিং শাখায় যোগাযোগ করা যেতে পারে।

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

ছক-১

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ।

বিষয় : ১.১/১.২ শ্রেণির গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদার হিসেবে ২০১৯-২০ ও ২০২০-২১ দুই অর্থ বৎসরের তালিকাভুক্তি নবায়নের আবেদন।

আমি/আমরা স্বত্বাধিকারী/ নির্বাহী প্রধান হিসেবে ২০১৯-২০ ও ২০২০-২১ দুই অর্থ বৎসরের জন্য পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এর সাথে গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নের জন্য নিম্নবর্ণিতভাবে তথ্য প্রদানের মাধ্যমে আবেদন করছি :

(০১) সাধারণ তথ্যাবলী :

(ক)

প্রতিষ্ঠানের নাম :	ক্যাটগরী (√ চিহ্ন দিন) : ১.১/১.২
--------------------	-----------------------------------

(খ)

প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নম্বর	প্রতিষ্ঠানের স্থায়ী ঠিকানা	প্রতিষ্ঠানের বর্তমান/যোগাযোগের ঠিকানা (টেলিফোন/মোবাইল/ই-মেইলসহ আবশ্যিক)

(গ)

ক্রমিক নং	স্বত্বাধিকারী /অংশীদার/ পরিচালকগণের নাম (যদি থাকে)	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা (মোবাইল নং সহ)

(০২) ২০১৯-২০ ও ২০২০-২১ দুই অর্থ বছরে ১.১/১.২ শ্রেণির নবায়নের জন্য নিয়োজিত জনবলের বিবরণ :

ডমেস্টিক সুপারভাইজার থাকলে স্বত্বাধিকারীর জন্য নির্ধারিত বিক্রয় শাখা/গ্রুপ ব্যতীত অন্য বিক্রয় শাখা/গ্রুপ উল্লেখ করতে হবে। গ্রুপ ভিত্তিক কাজের ক্ষেত্রে স্বত্বাধিকারী ব্যতীত অনধিক দু'জন ডমেস্টিক সুপারভাইজার নিয়োজিত করা যাবে। প্রতি গ্রুপে পৃথক পৃথক সন্দর্ভধারী ডমেস্টিক ফিটার নিয়োজিত থাকতে হবে। তবে নতুন করে ফিটার টেস্ট গ্রুপ না হওয়া পর্যন্ত বিদ্যমান একজন ফিটার দ্বারাই (একাধিক ফিটার না থাকলে) একাধিক গ্রুপে নিয়োজিতকরণ সাময়িকভাবে বিবেচনাযোগ্য হবে।

(ক) স্বত্বাধিকারী গ্রুপভুক্ত : (১.১ শ্রেণির জন্য)

ক্র: নং	নাম/পদবী	যে বিক্রয় শাখায় কাজ করতে অগ্রহী উহার নাম	মন্তব্য
০১.	স্বত্বাধিকারীর নাম :		
০২.	ডমেস্টিক ফিটারের নাম :		

(খ) ডমেস্টিক সুপারভাইজার (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রুপভুক্ত : (১.১ শ্রেণির জন্য)

ক্র: নং	নাম/পদবী	যে বিক্রয় শাখায় কাজ করতে অগ্রহী উহার নাম	মন্তব্য
০১	ডমেস্টিক সুপারভাইজারের নাম :		
০২	ডমেস্টিক ফিটারের নাম :		

(গ) ডমেস্টিক সুপারভাইজার (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রুপভুক্ত : (১.১ শ্রেণির জন্য)

ক্র: নং	নাম/পদবী	যে বিক্রয় শাখায় কাজ করতে অগ্রহী উহার নাম	মন্তব্য
০১	ডমেস্টিক সুপারভাইজারের নাম :		
০২	ডমেস্টিক ফিটারের নাম :		

(০৩) ১.২ শ্রেণির জনবলের বিবরণ (সকল বিক্রয় শাখার জন্য) :

ক্র: নং	পদবী	নাম	মন্তব্য
০১	সাইট প্রকৌশলী		
০২	ওয়াল্ডার		
০৩	ফিটার		

(০৪) যন্ত্রপাতি ও সরঞ্জামের বিবরণ (প্রত্যয়ন করে জমা দিতে হবে) : সংযুক্ত করা হয়েছে - হ্যাঁ/না।

(০৫) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ফি/কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে (১.১ ও ১.২ শ্রেণির জন্য) :

(ক) নবায়ন বিজ্ঞপ্তি/প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদান।

(খ) প্রয়োজনে এতদ নমুনা ছক অনুযায়ী প্রতিষ্ঠানের প্যাডে পৃথকভাবে টাইপ করে পূরণ করা যাবে।

আমি/আমরা এই মর্মে ঘোষণা করছি যে, উপর্যুক্ত বর্ণনা ও সংযুক্ত তথ্যাদি সম্পূর্ণরূপে সঠিক ও সত্য। কোন ভুল বা অসত্য তথ্য প্রদান করিনি।